দৈনিক ইনকিলাব

তারিখ ... 17 MAY 2007 ...
পৃষ্ঠা ১২ কলাম ৬ ......

২৮

৫৬ বেসরকারী বিশ্ববিদ্যালয়

# বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নোটিশ হাইকোর্টে স্থগিত : রুল ইস্যু

স্টাফ রিপোর্টার

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নোটিশের কার্যকারিতা ২ সপ্তাহের জন্য স্থগিত করেছেন হাইকোর্ট। ভূঁইয়া একাডেমী, ঢাকা সেন্টার ফর ল এন্ড ইকনোমিক্স (ডিসিএলই), নিউ ক্যাসেল ল' একাডেমী এবং ব্রিটিশ স্কুল অব ল (বিএসএল)-এর এক আবেদনের প্রেক্ষিতে গতকাল (বুধবার) বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন এবং বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের পৃঃ২কঃ

## বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের

১২-এর পৃষ্ঠার পর

ডিভিশন বেঞ্চ এ আদেশ দেন। সেই সঙ্গে ৫৬টি বেসরকারী বিশ্ববিদ্যালয় 'অবৈধ' ঘোষণা করে দেয়া বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নোটিশ কেন অবৈধ হবে না-মর্মে রুলনিশি জারি করা হয়। আবেদনকারীদের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার শফিক আহমেদ, নওশাদ জমির, এডভোকেট ফাতেমা আনোয়ার। প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন লঙ্ঘন করে ডিগ্রী প্রদান করার অভিযোগে আবেদনকারী ৪টি প্রতিষ্ঠানসহ মোট ৫৬টি বেসরকারী বিশ্ববিদ্যালয়কে অবৈধ ঘোষণা করে গত ৮ মে পত্র-পত্রিকায় বিজ্ঞাপন জারি করে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের জারিকৃত এ নোটিশকে চ্যালেঞ্জ করে গতকাল ভূঁইয়া একাডেমীর প্রিন্সিপাল ব্যারিস্টার রবেয়া ভূঁইয়া, ডিসিএলই-এর প্রতিনিধি মোঃ নূরুল ইসলাম, নিউ ক্যাসেল ল একাডেমীর পরিচালক ব্যারিস্টার মোঃ মুত্তাকিম এবং বিএসএল-এর পরিচালক ব্যারিস্টার আন্দালিব রহমান বাদী হয়ে তথ্য সচিব ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনসহ ৮ জনকে বিবাদী করে হাইকোর্টে রিট পিটিশন করেন। পিটিশনে বলা হয়, এ প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন প্রযোজ্য নয়। প্রতিষ্ঠানগুলো কোন বিশ্ববিদ্যালয় নয়।